

**PRISM PROPERTIES LTD.**  
A sister concern of Prism Group

CID NO

DATE

Name (English) :

নাম (বাংলায়) :

Father/Husband Name (English) :

পিতা/স্বামীর নাম (বাংলায়) :

Mother Name (English) :

মাতার নাম (বাংলায়) :

Date of Birth :  Religion :

Nationality :  National ID :

Profession :

Present/Mailing Address :

Permanent Address :

Contact : Cell No. :  Res :

Office :  E-mail :

Nominee & Relationship :

Contact Person (If any) :

Cell No. :  E-mail :

Reference :

**FLAT DETAILS**

Project Name :

Location :

Apt./Com. Space :  Floor/Level :

Signature of Applicant(S)

# ঘোষণা

আমি/আমরা এই মর্মে ঘোষণা করছি যে, আবেদন পত্রের ১ম পৃষ্ঠায় আমার/আমাদের দ্বারা প্রদত্ত তথ্য ও বিবরণ আমার/আমাদের জানা মতে সত্য এবং আমি/আমরা কোম্পানীর এ্যাপার্টমেন্ট/অফিস/দোকান প্রকল্পের প্রসপেক্টাস/ক্রুশিউর পাঠ করেছি এবং সংশ্লিষ্ট নকশা ও স্পেসিফিকেশন দেখেছি। এ্যাপার্টমেন্ট/অফিস/দোকান বরাদ্দের সকল নিয়ম ও শর্তাবলী সম্পর্কে অবগত হয়েছি। নির্মাণ শেষে সম্পূর্ণ মূল্য পরিশোধান্তে বরাদ্দকৃত ফ্ল্যাট/অফিস/দোকান হস্তান্তরের নিয়মাবলী সম্পর্কেও অবগত হয়েছি। এ্যাপার্টমেন্ট/অফিস/দোকান বরাদ্দ প্রদানের ব্যাপারে কোম্পানীর সিদ্ধান্তই চূড়ান্ত হিসাবে পরিগণিত হবে। কোন কারনে বুকিং মানি ফেরৎ দিতে হলে কেবলমাত্র প্রদত্ত টাকাই ফেরৎ পাবেন। যদি কোন এ্যাপার্টমেন্ট/অফিস/দোকান আমাকে/আমাদেরকে বরাদ্দ দেয়া হয়, তবে আমি/আমরা তৎসংক্রান্ত প্রয়োজনীয় চুক্তিপত্র, দলিল, আমমোজারনামা ইত্যাদি আমার/আমাদের নিজ ব্যয়ে সম্পাদন করব এবং স্থানীয় কর্তৃপক্ষ ও সরকার কর্তৃক আদায়যোগ্য স্ট্যাম্প শুল্ক, রেজিস্ট্রেশন ব্যয় ও অন্যান্য ফিস পরিশোধ করবো। এ্যাপার্টমেন্ট/অফিস/দোকানের দখল বুঝে নেয়ার পূর্বে আমি/আমরা এ্যাপার্টমেন্ট/অফিস/দোকান এর সম্পূর্ণ মূল্য নগদ/ক্রস চেকের মাধ্যমে সম্পূর্ণ মূল্য পরিশোধ করবো। আমি/আমরা ফ্ল্যাট/অফিস/দোকান মালিক সমিতির সদস্য হব এবং বর্ণিত সমিতি কর্তৃক নির্ধারিত নিয়ম কানুন মেনে চলব।

আবেদনকারীর স্বাক্ষর  
তারিখ : .....

## FOR OFFICE USE ONLY

Project Name	:				
Location	:				
Apartment With Space	:		Floor/Level	:	
Per Square Feet Price	:		In word	:	
Total Square Feet	:		In word	:	
Total Price	:		In word	:	
Utility Charge Tk.	:		In word	:	
Car Parking Tk.	:		In word	:	
Special Note (If Necessary)	:		In word	:	
Mode of Payment	:	<input type="checkbox"/> Cash	<input type="checkbox"/> Cheque	<input type="checkbox"/> PayOrder	<input type="checkbox"/> Money Gram
Booking Money	:		In word	:	
Number of Installment	:		In word	:	
Monthly Installment (Tk.)	:		In word	:	
State Whether you want to avail Any loan facility (if available)	:				

Checked by

Dept. (Sales & Marketing)

Approved by

# ফ্ল্যাট/দোকান/ অফিস বরাদ্দের নিয়ম ও শর্তাবলী

## ফ্ল্যাট/দোকান/ অফিস বরাদ্দ

সম্পূর্ণভাবে পূরণকৃত আবেদন ফরম এবং বায়না টাকা পাওয়ার পর কোম্পানী একটি অন্তর্বর্তীকালীন বরাদ্দপত্র এবং মূল্য পরিশোধ তালিকাসহ বিস্তারিত নিয়ম ও শর্তাবলী সম্বলিত একটি চুক্তিপত্রের খসড়া কপি ক্রেতাকে প্রদান করবে। খসড়া চুক্তিপত্র পাঠ করে ক্রেতার কোন বক্তব্য থাকলে তা উল্লেখ করে তাতে তার/তাদের স্বাক্ষর প্রদান করে কোম্পানীর কাছে ফেরৎ প্রদান করবে। অতঃপর যথাযথ মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পের উপর আনুষ্ঠানিক চুক্তিপত্র উভয়/পরস্পর পক্ষের দ্বারা স্বাক্ষরিত হবে। সাধারণতঃ আগে আসলে আগে পাবেন ভিত্তিতে বরাদ্দ প্রদান করা হবে।

## সংরক্ষণ

আবেদনকারীর যথাযথ স্বাক্ষরিত এ্যাপার্টমেন্ট/অফিস/দোকান সংরক্ষণের আবেদন বুকিং মানি সহ নির্ধারিত আবেদন ফরমের ভিত্তিতে করা হবে। যে কোন আবেদন গ্রহন বা বাতিল করার অধিকার কোম্পানি সংরক্ষণ করেন।

## মূল্য পরিশোধ

ডাউন পেমেন্ট হিসাবে মোট মূল্যের ৩৫% এককালীন প্রদান করতে হবে। এ্যাপার্টমেন্ট/অফিস/দোকান নির্মাণ/কিস্তি পরিশোধ যথাসময়ে সম্পন্ন করার নিশ্চয়তার জন্য কিস্তিতে পেমেন্ট যথাসময়ে পরিশোধ করতে হবে।

## মূল্য পরিশোধের নিয়মাবলী

পেমেন্ট প্রদানের ক্ষেত্রে প্রিজম প্রপার্টিজ লি: (Prism Properties Ltd.) এর অনুকূলে ক্রেসচেক/ব্যাংক ড্রাফট/পে অর্ডার/অনলাইনে প্রদান করা যাবে। পেমেন্ট নিশ্চিতকরণ সাপেক্ষে মানি রশিদ প্রদান করা হবে।

## দলিল সম্পাদন ফি এবং সরকারি ট্যাক্স

হস্তান্তর ফি, রেজিস্ট্রেশন ফি, ভ্যাট, গেইন ট্যাক্স (উৎস কর) কোম্পানীর সার্ভিস চার্জ সহ অন্যান্য সরকারি ট্যাক্স এবং সংশ্লিষ্ট সকল প্রকার চার্জ (ফি, কর) সংক্রান্ত যাবতীয় খরচ ক্রেতা বহন করবে।

## ইউটিলিটি

ইউটিলিটি অর্থাৎ গ্যাস, বিদ্যুৎ, পানি ও পয়ঃপ্রণালী ইত্যাদির মেইন সংযোগ ফি, জামানতের টাকা, বৈদ্যুতিক সাবস্ট্রেশন/ট্রান্সফর্মার, ভোল্টেজ স্ট্যাবিলাইজার ও আনুষঙ্গিক স্থাপনাদির আনুপাতিক মূল্য ও অন্যান্য বিবিধ খরচাদি ফ্ল্যাট মূল্যের সাথে গণ্য করা হয়নি। ক্রেতা আনুপাতিক হারে উল্লেখিত ব্যয় বহন করবে।

আবেদনকারীর স্বাক্ষর

তারিখ : .....

## বরাদ্দ হস্তান্তর

এ্যাপার্টমেন্ট/অফিস/দোকান এর সম্পূর্ণ মূল্য পরিশোধ ও পজেশন প্রাপ্তি ও রেজিস্ট্রেশন এর পূর্বে ক্রেতা (গণ) তার/তাদেরকে বরাদ্দকৃত এ্যাপার্টমেন্ট/অফিস/দোকান অন্য কোন পক্ষের নিকট হস্তান্তর/বিক্রয় ভাড়া প্রদান করতে পারবেন না। উপরন্তু এ্যাপার্টমেন্ট/অফিস/দোকান এর পূর্ণ মূল্য পরিশোধ এবং দখল প্রাপ্তির পূর্বে ক্রেতা নিজ থেকে অতিরিক্ত কাজ করতে পারবেন না।

## ফ্ল্যাট/অফিস বরাদ্দ বাতিলকরণ

ক. ক্রেতা নির্ধারিত তারিখের ৬০ (ষাট) দিনের মধ্যে কোন কিস্তি পরিশোধ না করলে বরাদ্দ বাতিল করার পূর্ণ অধিকার কোম্পানী সংরক্ষণ করেন। সেক্ষেত্রে সংশ্লিষ্ট এ্যাপার্টমেন্ট/অফিস/দোকান পুনঃবিক্রয়ের কেবল মাত্র ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা বাদ দিয়ে বাকী জমাকৃত টাকা কোম্পানী ক্রেতাকে ফেরৎ প্রদান করবে।

খ. এ্যাপার্টমেন্ট/অফিস/দোকান ক্রয়ের নিমিত্তে ক্রেতা কর্তৃক অর্থ জমা দেয়ার পর ক্রেতা ইচ্ছা করলে সংরক্ষিত এ্যাপার্টমেন্ট/অফিস/দোকানটির বরাদ্দ বাতিলের আবেদন করতে পারবেন। এমতাবস্থায় এ্যাপার্টমেন্ট/অফিস/দোকানটির বিপরীতে ক্রেতা কর্তৃক প্রদেয় সমুদয় অর্থ হতে ক্ষতিপূরণ বাবদ ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা কেটে রেখে বাকি টাকা ৫ (পাঁচ) কিস্তিতে ৬ (ছয়) মাসের মধ্যে ক্রেতাকে প্রদান করা হবে।

## ইউনিটের মূল্য

প্রকল্প নির্মাণ শেষে ক্রেতা কর্তৃক বরাদ্দকৃত ইউনিটের আয়তন বা পরিমাণ বাড়লে বা কমলে ইউনিটের মূল্য আনুপাতিক হারে বাড়বে বা কমবে। আয়তন বর্ধিত হলে এর মূল্য পূর্বনির্ধারিত হারে বৃদ্ধি পাবে যা ক্রেতা কর্তৃক ফ্ল্যাট হস্তান্তর নেয়ার পূর্বে অবশ্যই পরিশোধ করতে হবে। অনুরূপভাবে আয়তন হ্রাস পেলে এর মূল্য একই হারে হ্রাস পাবে। এমতাবস্থায় কোম্পানী ক্রেতা কর্তৃক পরিশোধিত মোট অর্থ হতে তার পাওনা অর্থ তাকে ফেরৎ প্রদান করবে।

## ব্যতিক্রম/অতিরিক্ত কাজ

কোম্পানী কর্তৃক প্রকল্পের জন্য নির্ধারিত ফিটিংস ও ফিক্সার-এর যথাযথ কর্তৃপক্ষের অনুমতি নিয়ে ক্রেতা তার পছন্দ মত ফিটিংস যথা-টাইলস, বাথরুম ও রান্নাঘর ফিটিংস সামগ্রী, বৈদ্যুতিক ফিক্সার দরজা প্রভৃতি তার ক্রয়কৃত ইউনিটে লাগাতে পারবে। সেক্ষেত্রে তাকে নিজ খরচে ঐ সকল সামগ্রী প্রকল্পের সাইটে নির্ধারিত সময়ের মধ্যে পৌঁছে দিতে হবে। কোম্পানী কর্তৃক নির্ধারিত সামগ্রীর বিপরীতে কোম্পানীর নির্ধারিত পূর্ণ মূল্য ক্রেতাকে ফেরৎ প্রদান করা হবে।

## নির্মাণ সামগ্রী মূল্য বৃদ্ধির ক্ষেত্রে

ক্রেতা কর্তৃক ফ্ল্যাট বুকিং এর পর থেকে ফ্ল্যাট হস্তান্তরের পূর্ব পর্যন্ত নির্মাণ সামগ্রীর মূল্য ৮% বৃদ্ধি পেলে তা কোম্পানী বহন করবে, মূল্য ৮% এর অধিক বৃদ্ধি পেলে উক্ত বর্ধিত মূল্য ফ্ল্যাটের স্কয়ার ফিটের সহিত সংযোজন করা হবে যা ক্রেতাকে পরিশোধ করতে হবে।

## কোম্পানীর অধিকার

প্রয়োজন অনুসারে এ্যাপার্টমেন্ট/অফিস/দোকান এর স্পেসিফিকেশন, ডিজাইন (নকশা) অথবা লে-আউট ইত্যাদির ছোট-খাটো পরিবর্তন কোম্পানী করতে পারবে। আওতাভির্ভূত যে কোন কারণে যদি কোম্পানী প্রকল্প পরিত্যাগ করতে বাধ্য হয়, তবে ক্রেতা কে বায়নাকৃত টাকা সহ সমুদয় পরিশোধকৃত টাকা ফেরৎ প্রদান করা হবে। তবে, এক্ষেত্রে ক্রেতা কোন প্রকার ক্ষতিপূরণ অথবা লাভ কোন কিছুই দাবী করতে পারবেনা।

উল্লেখিত নিয়মাবলী উক্ত বরাদ্দ বলবৎ হওয়ার জন্য অবশ্য পালণীয় এবং ইহা ক্রেতা ও বিক্রেতার মধ্যে সম্পাদিত চুক্তির অংশ বলে বিবেচিত হবে।

আবেদনকারীর স্বাক্ষর

তারিখ : .....